



# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

## জনসংযোগ শাখা

### প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম-২০ ডিসেম্বর ২০১৭ খ্রি.

### কাউন্সিলর হাবিবুল হক এর কফিনে মেয়র, ভারপ্রাপ্ত মেয়র, কাউন্সিলর ও চসিক কর্মকর্তা-কর্মচারীদের বিনম্র শ্রদ্ধা ও মরহমের দাফন সম্পন্ন

গত ১৮ ডিসেম্বর ২০১৭ খ্রি. খাইল্যান্ডের ব্যাংককে একটি হাসপাতালে চিকিৎসারত অবস্থায় চট্টগ্রাম নগরী ৩৬নং গোসাইলডাঙ্গা ওয়ার্ডের কাউন্সিলর হাবিবুল হক মৃত্যুবরণ করেন। মরহমের মরদেহ ১৯ ডিসেম্বর ২০১৭ খ্রি. বিকেলে চট্টগ্রাম পৌছে। ২০ ডিসেম্বর ২০১৭ খ্রি. সকাল সাড়ে ১০ টায় থেকে ১১ টা পর্যন্ত মরহমের কফিন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান কার্যালয়ে রাখা হয়। সেখানে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীনের পক্ষে কাউন্সিলরবৃন্দ, ভারপ্রাপ্ত মেয়র, সাধারণ ও সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলরবৃন্দ এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কর্মকর্তা - কর্মচারীবৃন্দ মরহম হাবিবুল হকের কফিনে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করা হয়। পরে অনুষ্ঠিত মুনাজাতে সংসদ সদস্য এম আবদুল লতিফ, দিদারুল আলম এমপি, বাংলাদেশ আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক চৌধুরী মহিবুল হাসান নওফেল, ভারপ্রাপ্ত মেয়র নিছার উদ্দীন আহমদ মঞ্জু, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি'র সভাপতি মাহবুবুল আলম, কাউন্সিলর হাজী নুরুল হক, ছালেহ আহমদ চৌধুরী, মো. গিয়াস উদ্দিন, হাসান মুরাদ বিপ্লব, এইচ এম সোহেল, মো. আবদুল কাদের, সলিম উল্লাহ বাচ্চু, মোরশেদ আকতার চৌধুরী, মো. মোবারক আলী, আবুল হাসেম, জয়নাল আবেদীন, এ কে এম জাফরুল ইসলাম, ইয়াছিন চৌধুরী আশু, শফিউল আলম, জহরুল আলম জসিম, আবিদা আজাদ, আঞ্জুমান আরা, শাহানুর বেগম, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা, ভারপ্রাপ্ত সচিব ড. মুহাম্মদ মুস্তাফিজুর রহমান, প্রধান শিক্ষা কর্মকর্তা নাজিয়া শিরিন, প্রধান প্রকৌশলী লে. কর্ণেল মহিউদ্দিন আহমেদ, জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিমসহ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিভাগীয় ও শাখা প্রধানগণ অংশগ্রহণ করেন। মরহম হাবিবুল হকের নামাজে যানাজা বাদে জোহর বন্দর উচ্চ বিদ্যালয় ও কলেজ মাঠে অনুষ্ঠিত হয়। পরে তাকে পারিবারিক কবরস্থানে দাফন করা হয়।

**সংবাদদাতা**

**মো. আবদুর রহিম**

**জনসংযোগ কর্মকর্তা**